

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
পুরাতন বিমানবন্দর সড়ক
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা-১২১৫।

স্মারক নং-৩৫.০৩.০০০০.০২.৩২.০০৬.২০১৭-১৫৬০

তারিখঃ ১৭-০৪-২০১৮খ্রিঃ।

বিষয়ঃ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।


নিম্নোক্ত জরুরি বিজ্ঞপ্তিটি (সাদা-কালো) আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকার (একাধিক সংস্করণ প্রকাশিত হলে সকল সংস্করণে) প্রথম অথবা শেষ পৃষ্ঠায় (বিজ্ঞাপনের আয়তন ৬" x ৪ কলামে) আগামী ২০-০৪-২০১৮ খ্রি: তারিখের মধ্যে ০১ (এক) দিন প্রকাশ এবং প্রকাশিত বিজ্ঞপ্তি সম্বলিত পত্রিকার ০৩টি কপি অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২। বিজ্ঞাপন প্রকাশের ব্যয় এ অথরিটির প্রচার ও বিজ্ঞাপন ব্যয় খাত ৪৮৩৩(৩/৫০৪৩/০০০০/৪৮৩৩) থেকে নির্বাহ করা হবে।

বিআরটিএ'র সেবা সংক্রান্ত জরুরি সতর্কতা বিজ্ঞপ্তি।

সুষ্ঠু সড়ক পরিবহন ব্যবস্থাপনা এবং সড়ক পরিবহন সেক্টরে শৃঙ্খলা বিধান বিআরটিএ'র অন্যতম কার্যাবলি। এ লক্ষ্যে বিআরটিএ হতে বিভিন্ন ধরনের সেবা প্রদান করা হয়ে থাকে। যার মধ্যে মোটরযান নিবন্ধন, ড্রাইভিং লাইসেন্স ইস্যু, মোটরযানের ফিটনেস প্রদান, রুটপারমিট ও ট্যাক্স টোকেন অন্যতম। লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্নভাবে সেবা সহজীকরণ ও ডিজিটাইজড করার পরও অজ্ঞতা/ সময় বাচানো কিংবা নিজের কাজটি নিজে না করার মানসিকতার কারণে সেবাগ্রহীতগণ মধ্যস্বভোগীদের সাহায্য নিয়ে থাকেন এবং এতে করে তারা বিভিন্নভাবে প্রতারণিত হচ্ছেন। বিআরটিএ'র ওয়েবসাইট (www.brta.gov.bd) একটি সমৃদ্ধ ওয়েবসাইট। এ ওয়েবসাইটের সেবাসমূহের মেন্যুতে গেলে মোটরযান নিবন্ধন, ড্রাইভিং লাইসেন্স, রুটপারমিট, মোটরযানের ফিটনেস এবং ট্যাক্স টোকেন সংক্রান্ত যাবতীয় তথ্য পাওয়া যাবে। ফি ও ট্যাক্স মেন্যুতে গিয়ে বিভিন্ন সেবার জন্য সরকার নির্ধারিত ফিস সম্পর্কে জানা যাবে। ফরম মেন্যুতে সেবা সংক্রান্ত বিভিন্ন ধরনের ফরম পাওয়া যাবে; যা ডাউনলোড করে পূরণের মাধ্যমে হয়ারানিমুক্তভাবে সেবা গ্রহণ সম্ভব। সর্বোপরি বিআরটিএ'র সেবা বা গণপরিবহন সম্পর্কে কোন অভিযোগ থাকলে অনুসন্ধান মেন্যুতে গিয়ে বিআরটিএ'র দৃষ্টিআকর্ষণ করা সম্ভব। বর্তমানে বিআরটিএ হতে মোবাইল এ্যাপসের মাধ্যমে মোটরযানের ফিটনেস ও ট্যাক্স টোকেনের মেয়াদ সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট মোটরযানের মালিকদের জানিয়ে দেয়া হচ্ছে। এছাড়া, মোবাইল ম্যাসেজের মাধ্যমে স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স প্রত্যুত্তের বর্তমান অবস্থা জানা যাচ্ছে এবং ড্রাইভিং লাইসেন্স যাচাই করা যাচ্ছে। এর পাশাপাশি ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেটের জন্য বায়োমেট্রিক প্রদানের এ্যাপয়েন্টমেন্টও ম্যাসেজের মাধ্যমে গ্রহণ করা যায়। এছাড়াও বিআরটিএ'র বিভিন্ন সেবা সংক্রান্ত ফি বিআরটিএ'র সার্কেল অফিসে অবস্থিত নির্দিষ্ট কিছু বুথে (overcrowded) স্ব-শরীরে জমা করতে গিয়ে লাইনে দাড়িয়ে সময় নষ্ট না করে বিআরটিএ'র ওয়েবসাইটের ডপডাউন মেন্যুস্থ ব্যাংকের শাখা/বুথে তালিকাভুক্ত বিভিন্ন ব্যাংকের বিভিন্ন শাখায় জমা দেয়া যায়। তদুপরি লাইনে না দাড়িয়ে VISA, Master Card, American Express, Dutch Bangla Bank Ltd. এর সকল কার্ড এবং Dutch Bangla Bank Ltd. এর মোবাইল ব্যাংকিং (রেকর্ড) এর মাধ্যমে (<http://ipaybrta.cnsbd.com>) ঘরে বসে বিভিন্ন ধরনের ফি জমা প্রদানের সুযোগ রয়েছে। সংশ্লিষ্ট সেবাগ্রহীতাদের মধ্যস্বভোগীদের পরিহার করে বিআরটিএ'র ওয়েবসাইট ভিজিট করে এবং ipayment এর মাধ্যমে বিভিন্ন ধরনের ফি জমা দানের মাধ্যমে স্বল্প সময়ে বিআরটিএ'র বিভিন্ন ধরনের সেবা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

পরিচালক (এনফোর্সমেন্ট), বিআরটিএ


(নুর মোহাম্মদ মজুমদার)
যুগ্মসচিব
পরিচালক (এনফোর্সমেন্ট)
ফোন: ৫৮১৫৪৭০

বিতরণঃ

সম্পাদক

১। দৈনিক প্রথম আলো ২। কালের কণ্ঠ ৩। দৈনিক যুগান্তর ৪। দৈনিক মানবকণ্ঠ ৫। The Daily Star

অনুলিপি :

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। জনাব, শাহজাহান কবীর, সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।